গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/৬৭৫২ তারিখ: ২০ আগস্ট ২০২৬ খ্রি.

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল এবং কলেজ (সরকারি/বেসরকারী) পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রম বাস্তবায়নের তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রমের পাশাপাশি শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশে ক্রীড়া কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। শিক্ষার্থীরা ক্রীড়া কার্যক্রমে অংশগ্রহণ করলে মানসিক ও শারীরিক বিকাশ নিশ্চিত হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রমের মাধ্যমে শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থীদের মধ্যে মেলবন্ধন তৈরি করে এবং শিক্ষার গুণগত মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে। সেই লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল এবং কলেজ পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতি মাসের ক্রীড়া কার্যক্রমের তথ্যসমূহ শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে। আন্ত:মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে উল্লিখিত প্রতি মাসের ক্রীড়া কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত তথ্য **প্রতি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী মাসের তথ্যসমূহ (প্রমানকসহ)** sports.phy72@gmail.com ই-মেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**তথ্য ছক**

| Events Conducted in ……………..Month | | Events Planned for………………Month | |
|---|---|---|---|
| **Type of Events** | **Number of Institutions** | **Type of Events** | **Number of Institutions** |
| **Name of Games and Sports** | | | |

20.08.2026

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

২০/০৮/২০২৬

**০১। পরিচালক**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)**
**০২। উপপরিচালক (মাধ্যমিক) সকল অঞ্চল**
**০৩। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। অধ্যক্ষ, সরকারি/বেসরকারী কলেজ (সকল);
০৪। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি,……………………….;
০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা);
০৬। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারী স্কুল (সকল);
০৭। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। সংরক্ষ নথি।